দৈনিক
ইত্তেফাক

তারিখ 21 SEP 2017
পৃষ্ঠা ১৬ কলাম ৬

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে ভ্রাম্যমাণ বইমেলা

■ ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

গতকাল বুধবার ময়মনসিংহের ত্রিশালে বেসরকারি সংস্থা ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোস্যাল এডভান্সমেন্টর (দিশা) সামাজিক আলোঘর প্রোগ্রাম দিশার উদ্যোগে কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে এক দিনের ভ্রাম্যমাণ বইমেলার আয়োজন করা হয়। বই মেলার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের; ট্রেজারার ও (ভারপ্রাপ্ত) ভিসি প্রফেসর এ এম এম শামসুর রহমান। এ সময় উপস্থিত ছিলেন, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কৃষিবিদ ড. হুমায়ুন কবীর, দিশার বিজিনেস ডেভেলপমেন্ট এডভাইজার জেসি স্মিথ, দিশার প্রধান নির্বাহী ও আলোকঘর প্রকাশনার প্রতিষ্ঠাতা মো. সহিদ উল্লাহ প্রমুখ।